

04

বাংলা একাডেমী পুরস্কার

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলা একাডেমী সাহিত্য পুরস্কার
১৯৮৯ গতকাল ঘোষণা করা হয়।
আগামীকাল বৃহস্পতিবার বিকালে
একাডেমী প্রাঙ্গণে এ পুরস্কার আনু-
ষ্ঠানিকভাবে প্রদান করা হবে।
সাহিত্যে সামগ্রিক অবদানের
স্বীকৃতি হিসাবে এবার কবি আজীজুল
হক ও ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা
বিভাগের প্রফেসর সৈয়দ আকরম
হোসেনকে এ পুরস্কার দেয়া হবে।
পুরস্কার হচ্ছে নগদ ২৫ হাজার
(৩-এর পঃ দঃ)

বাংলা একাডেমী পুরস্কার

(প্রথম পঃ পরা)

ঢাকা ও সম্মান পত্র।

বাংলা ভাষা ও সাহিত্যের শিক্ষক
জনাব আজীজুল হকের জন্ম ১৯৩০
সালে যশোরে। তার প্রকাশিত কাব্যগ্রন্থ
হচ্ছেঃ ঝিনুক মুহূর্ত সূর্যকে (১৯৬৯) ও
বিনয়ের চীৎকার (১৯৬৭)।

প্রফেসর সৈয়দ আকরম হোসেনের
জন্ম ১৯৪৪ সালে, যশোরে। তার
প্রকাশিত গ্রন্থসমূহ হচ্ছে : উপন্যাস
'শেষ কোথায়' (১৯৬১), রবীন্দ্রনাথের
উপন্যাস : দেশকাল ও শিল্পরূপ
(১৯৬৯) এবং রবীন্দ্রনাথের উপন্যাসঃ
চেতনালোক ও শিল্পরূপ (১৯৮১)।